

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪৫. কিছু সময় চিন্তা-ফিকর হাজার বৎসর ইবাদত থেকে উত্তম

ইলমের ফ্যালতে বানানো আরেকটি জাল হাদীস:

تَفَكُّرُ سَاعَةٍ خَيْرٌ مِنْ عِبَادَةِ سَنَةٍ /سَبْعِيْنَ سَنَةً /أَلْفِ عَامٍ

"এক মুহূর্ত বা কিছু সময় চিন্তা-ফিক্র করা এক বছর ইবাদত করা থেকে উত্তম"। কেউ বলেছেন: ৭০ বছরের ইবাদত থেকে উত্তম। আর কেউ আরেকটু বাড়িয়ে বলেছেন: হাজার বৎসরের ইবাদত থেকে উত্তম।
মুহাদ্দিসগণ হাদীসটি জাল বলে উল্লেখ করেছেন। রাসূলুল্লাহ ্ষ্কুভ্রি-এর কথা হিসাবে তা মিথ্যা। কথাটি পূর্ববতী কোনো আলিমের উক্তি মাত্র।

## ফুটনোট

[1] মোল্লা কারী, আল-আসরার, ৯৭ পূ, আলবানী, যায়ীফুল জামিয় ৫৮১ পূ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4906

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন